

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.২৯.০০৭.০৬-৪১৬

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যুব উন্নয়ন অধিদপ্তরের কর্তৃক বাস্তবায়িত “ঋণ এবং আত্মকর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ন” শীর্ষক সিলেট বিভাগীয় কর্মশালা আগামী ৩০/০৪/২০২৬ খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় ভারুয়াল মাধ্যমে অনুষ্ঠিত হবে। কর্মশালায় সিলেট বিভাগের সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার এবং হবিগঞ্জ জেলা কার্যালয়ের উপপরিচালক, সহকারী পরিচালক জেলার আওতাধীন উপজেলা কার্যালয়ের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ এবং মহাপরিচালকের কার্যালয়ের প্রোগ্রামার (আইসিটি), প্রশিক্ষক (আইসিটি), স্টাফ লিপিকার, সিড ফাইন্যান্সিং উইং-এর কর্মচারীগণ অংশগ্রহণ করবেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. গাজী মোঃ সাইফুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জুম প্ল্যাটফর্মে ভারুয়ালি কর্মশালার উদ্বোধন করবেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন পরিচালক (সিড ফাইন্যান্সিং উইং) জনাব এ কে এম মফিজুল ইসলাম।


০২। কর্মশালায় জুলাই ২০২৫ হতে মার্চ ২০২৬ পর্যন্ত ঋণ এবং আত্মকর্ম সৃজন কর্মসূচির অগ্রগতির তথ্য পর্যালোচনা করা হবে। কর্মসূচি বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ এবং উত্তরণের উপায় নিয়ে সংশ্লিষ্টদের সাথে মতবিনিময়পূর্বক সুপারিশমালা প্রণয়ন করা হবে।

০৩। কর্মশালার অংশগ্রহণকারী সকল উপজেলার বিবেচ্য সময়ে বাস্তবায়িত কার্যক্রমের মূল্যায়নের তথ্যচিত্র বিভাগের সকল উপপরিচালক-কে মেইলযোগে প্রেরণ করা হয়েছে। অংশগ্রহণকারী সকল জেলার উপপরিচালক তার জেলাধীন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের সাথে আলোচনাপূর্বক তার জেলার ঋণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে তা সমাধানের সুপারিশমালা ddpa1@dyd.gov.bd মেইলযোগে ৩০/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

০৪। বর্ণিত অবস্থায় সিলেট বিভাগের উল্লিখিত কর্মশালায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে ভারুয়ালি সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সিলেট বিভাগের কর্মশালায় ভারুয়ালি সংযুক্ত হওয়ার জন্য জুম লিংক:

Link : <https://bcc-gov-bd.zoom.us/j/92045333838>
Meeting ID : 920 4533 3838
Passcode : 3004


(এ কে এম মফিজুল ইসলাম)
পরিচালক(সিড ফাইন্যান্সিং)
ফোন- ০২-৯৫১৫০১৯

Email- dirpa@dyd.gov.bd

নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.২৯.০০৭.০৬-৪১৬


তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক(অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। চিফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৫। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট।
- ০৬। জেলা একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, সিলেট জেলা।

চলমান পাতা/২

- ০৭। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট জেলা। (তৌকে ২০২৫-২৬ অর্থবছরে বরিশাল জেলার উপপরিচালকের অনুকূলে “ঋণ এবং আত্মকর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ন” শীর্ষক সিলেট বিভাগীয় কর্মশালা বাবদ প্রদত্ত বরাদ্দ থেকে সংশোধিত ব্যয় বিভাজন অনুসারে ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।)
- ০৮। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট/ সুনামগঞ্জ/ মৌলভীবাজার/ হবিগঞ্জ জেলা। তার জেলার ঋণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে তা সমাধানের সুপারিশমালা উল্লিখিত মেইলযোগে ৩০/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০৯। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,.....উপজেলা জেলা।
- ১১। মহাপরিচালক(গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১২। অফিস কপি/গার্ড নথি।


(মোঃ ফারুক হোসেন)
সহকারী পরিচালক (সিড ফাইন্যান্সিং-২)
ফোন : ০২-২২৩৩৮০৭৭৩।